কাস্টমস বন্ড কমিশনারেট
৪২, এম.এম.আলী রোড, লালখান বাজার, চট্টগ্রাম।
ই-মেইল- www.cbcctg@yahoo.com

নথি নং-এস-৫৫/কাবক/সিইপিজেড/ Youngone(CEPZ)/বন্ড টু বন্ড স্থানান্তর/২০২৫/৩০৭ তারিখঃ-২৪/০২/২০২৬ খ্রি.

বিষয়: **বন্ডেড ওয়্যারহাউস লাইসেন্সধারী প্রতিষ্ঠান কর্তৃক ওয়্যারহাউস সুবিধায় আমদানিকৃত মেশিনারিজ স্থায়ী আন্তঃবন্ড স্থানান্তর বা বন্ড টু বন্ড ট্রান্সফারের বিষয়ে দিকনির্দেশনা প্রসঙ্গে।**

সূত্র: (১) Intimate Apparels Ltd. প্রতিষ্ঠানের আবেদন পত্র নং-IABD/COM(IM)/2025-059, Dt: 26/06/2025
(২) Mas Intimates Bangladesh (Pvt) Ltd. প্রতিষ্ঠানের ২৯/১২/২০২৫ খ্রি. তারিখে আবেদন পত্র।
(৩) Corvo Cycles Ltd. প্রতিষ্ঠানের ২১/০১/২০২৬ খ্রি. তারিখে আবেদন পত্র।
(৪) Xin Chang Shoes (BD) Ltd. প্রতিষ্ঠানের ২৯/১২/২০২৫ খ্রি. তারিখে আবেদন পত্র।
(৫) M/S Youngone (CEPZ) Limited এর পত্র নং YCL/CUS/BTB/1027/2026, Dt.-28.01.2026
(৬) জাতীয় রাজস্ব বোর্ড (কাস্টমসঃ রপ্তানি ও বন্ড শাখা) আদেশ নং-০২৩/২০২১/কাস্টমস/২৩৮(২৯), তারিখঃ ২২/০৯/২১ খ্রি.
(৭) জাতীয় রাজস্ব বোর্ড (কাস্টমসঃ রপ্তানি ও বন্ড শাখা) সভার কার্যবিবরণী নথি নং-০৮.০১.০০০০.৫৬.০১.০০১.২০২০/১২৬, তাং ০৩/০৩/২০২৪ খ্রি.
(৮) জাতীয় রাজস্ব বোর্ড (মূসক অনুবিভাগ) সাধারণ আদেশ নং-১/মূসক/২০২৪, তাং-০৫/১১/২০২৪ খ্রি.।

উপর্যুক্ত বিষয় ও সূত্রসমূহের পত্রের প্রতি সদয় দৃষ্টি আকর্ষণ করা হলো।

০২। সূত্রোক্ত ১নং, ২নং, ৩নং, ৪নং এবং ৫ নং পত্রের মাধ্যমে এ দপ্তরের আওতাধীন কর্ণফুলী ও চট্টগ্রাম ইপিজেডস্থ শিল্প প্রতিষ্ঠানসমূহ বন্ড সুবিধায় আমদানিকৃত মেশিনারিজ সহযোগী/অন্য বন্ডেড প্রতিষ্ঠানে স্থায়ী আন্তঃবন্ড স্থানান্তর বা বন্ড টু বন্ড ট্রান্সফারের জন্য এ দপ্তরে আবেদন করেছেন। সরাসরি রপ্তানিমুখী পোশাক শিল্প প্রতিষ্ঠান (ওয়্যারহাউস পদ্ধতির আওতায় বিধিমালা, ২০২৪ এর (এসআরও. নং-২১৩-আইন/২০২৪/৬৫/কাস্টমস, তারিখঃ ২৯/০৫/২০২৪) এর বিধি-১৪ অনুযায়ী বন্ড সুবিধায় আমদানিকৃত কাঁচামালের স্থায়ী আন্তঃবন্ড স্থানান্তর বা বন্ড টু বন্ড ট্রান্সফারের বিধান থাকলেও বন্ড সুবিধায় আমদানিকৃত মেশিনারীজ স্থায়ী আন্তঃবন্ড স্থানান্তর বা বন্ড টু বন্ড স্থানান্তরের বিষয়ে কোনোরূপ বিধান/নির্দেশনা নেই।

০৩। উল্লেখ্য যে, জাতীয় রাজস্ব বোর্ডের (কাস্টমসঃ রপ্তানি ও বন্ড শাখা) আদেশ নং-০২৩/২০২১/কাস্টমস/২৩৮(২৯), তারিখঃ ২২/০৯/২০২১ খ্রি. মূলে বন্ডেড শিল্প প্রতিষ্ঠান হতে অন্য কোন বন্ডেড শিল্প প্রতিষ্ঠানে মূলধনী যন্ত্রপাতি বা যন্ত্রাংশ বিক্রয় বা হস্তান্তরের বিধান রয়েছে। এসআরও নং-২০৯-আইন/২০২৪/৬১/কাস্টমস, তারিখ ২৯.০৫.২০২৪ খ্রি. কিংবা এসআরও নং-২১৩-আইন/২০২৪/৬৫/ কাস্টমস, তারিখঃ ২৯.০৫.২০২৪ খ্রি. এ সংক্রান্ত বিদ্যমান সকল প্রজ্ঞাপন, বিধিমালা, আদেশ, সিদ্ধান্ত এবং অনুরূপ দলিলাদি রহিত করা হয়েছে।

০৪। বর্তমানে মাঠ পর্যায়ের দপ্তরসমূহে শতভাগ রপ্তানিমুখী বন্ডেড ওয়্যারহাউস লাইসেন্সধারী শিল্প প্রতিষ্ঠানের ক্ষেত্রে জাতীয় রাজস্ব বোর্ডের সূত্রীয় (৬) নং পত্রের আদেশ নং-০২৩/২০২১ কাস্টমস, তারিখঃ ২২.০৯.২০২১ খ্রি. এর নির্দেশনা অনুযায়ী যন্ত্রপাতি ও সরঞ্জামাদি স্থায়ী আন্তঃবন্ড স্থানান্তরের প্রথা প্রচলিত রয়েছে বিধায় সূত্রীয় ০১-০৫ নং পত্রের মাধ্যমে আবেদনকৃত প্রতিষ্ঠানের মেশিনারীজ স্থায়ী আন্ত বন্ড স্থানান্তরটি সূত্রীয় (৬) নং পত্রের আদেশ অনুযায়ী সূত্রীয় (৮) নং সাধারণ আদেশের বিধান অনুযায়ী স্থানীয় ব্যবসায়ী/সরবরাহ পর্যায়ে মূসক ব্যতিত এবং প্রতিষ্ঠান কর্তৃপক্ষ কর্তৃক ৩০০/- টাকা মূল্যের নন-জুডিশিয়াল স্ট্যাম্পে যদি জাতীয় রাজস্ব বোর্ড এর ভিন্নরূপ নির্দেশনা প্রদান করা হয় তবে প্রযোজ্য শুল্ক-কর পরিশোধ করবেন মর্মে অঙ্গীকারনামা দাখিল সাপেক্ষে নিষ্পত্তি করা হলো।

০৫। বর্ণিতাবস্থায়, বন্ডেড ওয়্যারহাউস লাইসেন্সধারী প্রতিষ্ঠান হতে অপর বন্ডেড ওয়্যারহাউস লাইসেন্সধারী প্রতিষ্ঠান যন্ত্রপাতি ও মেশিনারিজ স্থায়ী/অস্থায়ী আন্তঃবন্ড স্থানান্তরের ক্ষেত্রে জাতীয় রাজস্ব বোর্ড হতে আদেশ নং-০২৩/২০২১ কাস্টমস, তারিখঃ ২২.০৯.২০২১ খ্রি. এর অনুরূপ কোন আদেশ জারী করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা যেতে পারে মর্মে এ দপ্তর মনে করে। একইসাথে সূত্রীয় (৭) নং এ বর্ণিত আদেশ অনুযায়ী গৃহীত কার্যক্রমের ক্ষেত্রে ভিন্নরূপ কোন নির্দেশনা থাকলে তা এ দপ্তরকে অবহিত করার জন্য বিনীতভাবে অনুরোধ করা হলো।

সংযুক্তি: বর্ণনামতে ০৫ (পাঁচ) পাতা।
(১) জাতীয় রাজস্ব বোর্ডের আদেশ নং-০২৩/২০২১/কাস্টমস/২৩৮(২৯) এর কপি।
(২) জাতীয় রাজস্ব বোর্ড সাধারণ আদেশ নং-১/মূসক/২০২৪ এর কপি।
(৩) প্রতিষ্ঠানের আবেদন পত্রের কপি।

২৪/০২/২৬

O/C

(মোঃ মাহফুজুল হক ভূঁঞা)
কমিশনার অব কাস্টমস (বন্ড) (চঃ দাঃ)
ফোন-০৩১-২৮৬৩২৫৩
ইমেইল: cbcbctg@yahoo.com

প্রাপক :
সদস্য (কাস্টমসঃ রপ্তানি, বন্ড ও আইটি)
জাতীয় রাজস্ব বোর্ড,
রাজস্ব ভবন, প্লট নং-এফ ১/এ,
শেরে বাংলা নগর, আগারগাঁও, ঢাকা।